



(সদস্য সংগঠন, বাংলাদেশ শিক্ষক সমিতি) Bangladesh Teachers Association (BTA)

ইনকিলাব ৪ পতকাল (বুধবার) জাতীয় প্রেসক্রাবে শিক্ষকদের বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে আয়োজিত সংবাদ সম্মেলনে বাংলাদেশ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বক্তব্য রাখছেন

**শিক্ষকদের উৎসব ভাতা
 প্রদানসহ ১২ দফা
 বাস্তবায়ন করতে হবে
 -শিক্ষক নেতৃবৃন্দ**

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেছেন, আগামী ২ জানুয়ারীর মধ্যে শিক্ষকদের পূর্ণ উৎসবভাতা প্রদানসহ মাধ্যমিক স্তরে শিক্ষার মান উন্নয়নে ১২ দফা প্রস্তাব বাস্তবায়ন করতে হবে। এছাড়া এই কোরবানীর

ইদের আগে পূর্ণ উৎসবভাতা প্রদানের সরকারী ঘোষণা না দিলে কঠোর আন্দোলন কর্মসূচী ঘোষণা করা হবে। নেতৃবৃন্দ বলেছেন, দাবী আদায় না হলে আগামী ৪ জানুয়ারী দেশব্যাপী সকল জেলায় কান্দো পতাকা নিয়ে বিক্ষোভ, কর্মসূচী পালন করা হবে। এছাড়া জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী মিলিপিাল কাজী ফারুক আহমেদের বিরুদ্ধে সকল মিথ্যা মামলা প্রত্যাহার ও চাকরিতে পুনর্বহালের দাবীতে প্রতীক অদান কর্মসূচী আজ (বৃহস্পতিবার) সকল জেলা সদরে পালিত হবে। গতকাল জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ শিক্ষক সমিতির আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম। সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- আবদুল হাই, কাজী আবদুল দিত্তিফ, সংগঠনের ভারপ্রাপ্ত মহাসচিব খান মোশাররফ হোসেন, আজিজুর রহমান, মোঃ আবদুল মন্নান, রোকেয়া বেগম, তাহেরা ইয়াসমিন, মোঃ মিজানুর রহমান প্রমুখ।

সংবাদ সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, তথাকথিত 'একমুখী শিক্ষা' পুরোপুরি বাতিল করে প্রকৃত এক ধারার সমন্বিত শিক্ষা, একমুখীসহ শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন একত্রে পত পত কেটি টাকার অপচয় ও দুর্নীতির তদন্ত করতে হবে। সরকারী দলীয়করণ, কালো-কানুন জারি, মিথ্যা মামলা দিয়ে শিক্ষক নেতৃবৃন্দের হয়রানি বন্ধ ও সকল অন্যায নির্বাহিত বন্ধ করতে হবে। নেতৃবৃন্দ বলেন, চাকরিচ্যুতিসহ শিক্ষক কর্মচারী নিপীড়নের দায়ে অবিলম্বে শিক্ষামন্ত্রীকে অপসারণ করতে হবে। অন্যথায় জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের ৮ দফা দাবীতে আন্দোলন জোরদার করা হবে। সম্মেলনে ঘোষণা করা হয়, জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের ৮ দফা বাস্তবায়নের দাবীতে সকল বিভাগীয় সদরে আগামী ১৭ জানুয়ারী থেকে ১৬ ফেব্রুয়ারী পর্যন্ত বিভাগীয় সমাবেশ অনুষ্ঠিত হবে। পরবর্তীতে ঢাকায় একটি মহাসমাবেশ করা হবে।